



তারেক রহমানকে কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রীর অভিনন্দন বার্তা



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারম্যান তারেক রহমানকে জাতীয় সংসদ নির্বাচনে দলের সাফল্যের জন্য কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী ড. মোহাম্মদ বিন আবদুল আজিজ বিন সালেহ আল-খুলাইফি অভিনন্দন জানিয়েছেন।
রোববার (১৫ ফেব্রুয়ারি) তাদের মধ্যে টেলিফোনে কথোপকথন হয়।
ড. আল-খুলাইফি নিজের ভেরিফায়েড এক্স অ্যাকাউন্টে জানান, তিনি এই কথোপকথনে তারেক রহমানকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন এবং কাতার ও বাংলাদেশের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও শক্তিশালী করার প্রত্যাশা ব্যক্ত করেছেন। এই আলাপচারিতা নতুন সরকার গঠনের পর দুই দেশের কূটনৈতিক সম্পর্কের চলমান দৃঢ়তা প্রতিফলিত করছে।

LENS ASIA